

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭২৯

२. यन गंनाता সूि छे अरिम भाना (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো অন্তর দ্বারা আল্লাহর উপর তাওয়াক্কুল করার সাথে সাথে অঙ্গ-প্রত্যঙ্গের মাধ্যমে সতর্কতা অবলম্বন করা, এটি তার কথার পরিপন্থী যিনি সতর্কতা অবলম্বন করাকে অপছন্দ করেন

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْمَرْءَ يَجِبُ عَلَيْهِ مَعَ تَوَكُّلِ الْقَلْبِ الِاحْتِرَازِ بِالْأَعْضَاءِ ضِدَّ قَوْلِ مَنْ كرهه

আরবী

729 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمْرِو بْنِ عَمْرِو بْنِ أَمْيَّةَ عَنْ حَاتِمُ بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا يَعْقُوبُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ جَعْفَرِ بْنِ عَمْرِو بْنِ أَمْيَّةَ عَنْ أَبِيهِ قَالَ: (اعقلها أَبِيهِ قَالَ: وَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أُرْسِلُ نَاقَتِي وَأَتُوكَّلُ؟ قَالَ: (اعقلها وتوكل)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: يَعْقُوبُ هَذَا: هُوَ يَعْقُوبُ بْنُ عَمْرِو بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ عَمْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ عَمْدِ اللَّهِ بْنِ عَمْدِ اللَّهِ بْنِ عَمْدِ وَلَا أَمْونَ أَمْونَ اللَّهُ عَمْدِ وَمُ مَنْ أَهْلِ الْحِجَازِ مَشْهُورٌ مَأْمُونٌ.

الراوي: عَمْرو بْن أُمَيَّةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 729 | خلاصة حكم المحدث: حسن لغيره.

বাংলা

৭২৯. আমর বিন উমাইয়া রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলেন, "আমি কি আমার উট ছেড়ে দিয়ে তাওয়াক্কুল করবো?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি উট বেঁধে রাখো এবং আল্লাহর উপর তাওয়াক্কুল করো।"

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাবী ইয়াকুব দ্বারা উদ্দেশ্য হলো ইয়াকুব বিন আমর বিন আব্দুল্লাহ বিন আমর বিন উমাইয়া আয় যামরী। তিনি হিজায়ের অধিবাসী একজন নির্ভরযোগ্য ও প্রসিদ্ধ ব্যক্তি।"[1]

ফুটনোট



[1] হাকিম, আল মুসতাদরাক: ৩/৬২৩; কাষা'ঈ, মুসনাদুশ শিহাব: ৬৩৩; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১০/৩০৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান লিগাইরিহী বলেছেন। (মুশকিলাতুল ফাকর: ২২/২৩।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু উমাইয়াহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন